প্রচার করুন

পরিচালক
পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর
০৭/০৪/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**স্মারক নম্বর:** ১২.০০.০০০০.০০০.০৭৫.০৬.০০৪৯.১৯.৫

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার সম্পর্কিত নির্দেশনা।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৮১; তারিখ: ৩১ মার্চ, ২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭ মার্চ, ২০২৬ খ্রি: তারিখে মাননীয় প্রধানমন্ত্রী সরকারি অফিসে ব্যবহৃত কাপড় (পর্দা, সোফার সিট কভার ইত্যাদি)-এর চাহিদা দেশে উৎপাদিত জুটন কাপড় দিয়ে পূরণ করার বিষয়ে নীতিগত নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনামতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধী সকল দপ্তর/সংস্থায় ব্যবহৃত কাপড় (পর্দা, সোফার সিট কভার ইত্যাদি)-এর চাহিদা দেশে উৎপাদিত জুটন কাপড় দিয়ে পূরণ এবং দেশে প্রস্তুতকৃত অন্যান্য পাটজাত পণ্য ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সংযুক্তি১.pdf, সংযুক্তি২.pdf

২৮৭

পত্র নং- ২০৭৪
প্রাপ্তির তারিখ- ০৭/০৪/২৬
বিভাগ/শাখা-
বিডাব্লিউএম আরআই, দিনাজপুর।

০৭-০৪-২০২৬
মোঃ নুরুজ্জামান
উপসচিব
ফোন : ৫৫১০০৯৭২
ইমেইল : moapolicy1@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর।
৩। নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৪। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক- এর দপ্তর, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।
৫। নির্বাহী পরিচালক , নির্বাহী পরিচালক এর দপ্তর, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ।
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
৭। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
৮। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৯। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট।
১০। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।
১১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)।
১২। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর।

১৩। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট।
১৪। নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।
১৫। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)।
১৬। পরিচালক, পরিচালকের দপ্তর, বীজ প্রত্যয়ন এজেন্সী।
১৭। পরিচালক, পরিচালকের দপ্তর, কৃষি তথ্য সার্ভিস এবং
১৮। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাইন্ডেশন, ঢাকা।

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০০০.০৭৫.০৬.০০৪৯.১৯.৫/১ (২)

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। এবং
২। যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

০৭-০৪-২০২৬
মোঃ নুরুজ্জামান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৮১

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার সম্পর্কিত নির্দেশনা প্রেরণ।**

পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার সম্পর্কিত নির্দেশনা মন্ত্রিপরিষদ বিভাগের ৩১ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৭৪ সংখ্যক স্মারকে জারি করা হয়েছে।

২। এমতাবস্থায়, সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: জারিকৃত পত্র।

৩১-০৩-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৪৮
ইমেইল : general_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। কমিশনার (সকল বিভাগ)।
৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪। জেলা প্রশাসক (সকল) এবং
৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৭৪

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ / ৩১ মার্চ ২০২৬

**বিষয়: পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার সম্পর্কিত নির্দেশনা।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৬ মার্চ ২০২৬ তারিখের ০৩.২৪.০০০০.০৭৬.৪৫.০০১.২০(অংশ-১)-৩৭ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ০৭ মার্চ ২০২৬ তারিখে তাঁর অফিস কক্ষে পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার ও বাজার সম্প্রসারণের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করেন। আলোচনান্তে মাননীয় প্রধানমন্ত্রী সরকারি অফিসে ব্যবহৃত কাপড় (পর্দা, সোফার সিট কভার ইত্যাদি) দেশে উৎপাদিত জুটন কাপড় দিয়ে পূরণ করার বিষয়ে নীতিগত নির্দেশনা প্রদান করেছেন। ইতঃপূর্বে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে বহুমুখী পাটপণ্য ব্যবহার নিশ্চিতকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৪২ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়েছিল যেখানে বহুমুখী পাটপণ্যসমূহ স্পষ্টীকরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। অফিস ও দৈনন্দিন জীবনে ব্যবহারযোগ্য বহুমুখী পাটপণ্যসমূহ হলো- অফিস কক্ষের পর্দা, সোফার সিট কভার, অফিস ব্যাগ, শপিং ব্যাগ, সেমিনার ব্যাগ, স্কুল ব্যাগ, কলেজ ব্যাগ, সাইট ব্যাগ, মানি ব্যাগ, এক্সিকিউটিভ ব্যাগ, ফাইল, ফোল্ডার, পেন হোল্ডার, টিস্যু বক্স, বুক মার্কার, টোট ব্যাগ, কবি ব্যাগ, ক্যালেন্ডার, কোস্টার, নোট প্যাড, ডাইরি, চাবির রিং, ডাক ফাইল, শো-পিছ, পাটের ক্যানভাসে ছবি, ট্যাপেস্ট্রি, ব্যাকপ্যাক, কার্ড হোল্ডার, ভিজিটিং কার্ড, ইনভেলাপ ইত্যাদি।

৩। এমতাবস্থায়, সরকারি অফিসে ব্যবহৃত কাপড় (পর্দা, সোফার সিট কভার ইত্যাদি) দেশে উৎপাদিত জুটন কাপড় দিয়ে পূরণ এবং দেশে প্রস্তুতকৃত অন্যান্য পাটপণ্য ব্যবহারের বিষয়ে স্ব স্ব নিয়ন্ত্রণাধীন দপ্তর ও সংস্থাসমূহকে সুস্পষ্ট নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামত।

৩১/০৩/২৬

(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। কমিশনার (সকল বিভাগ)।
৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৪২

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

**বিষয়: বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিতকরণ।**

বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তন, পরিবেশ দূষণ এবং বিদ্যুৎ ও জ্বালানি সংকটের মতো বিভিন্ন বৈশ্বিক সমস্যার প্রেক্ষাপটে পরিবেশবান্ধব উপকরণের ব্যবহার ক্রমেই অধিক গুরুত্ব লাভ করছে। টেকসই উন্নয়ন নিশ্চিত করা এবং পরিবেশ সংরক্ষণে কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে প্লাস্টিক ও পলিইথিলিন পণ্যের বিপরীতে প্রাকৃতিক ও পুনর্ব্যবহারযোগ্য উপকরণের ব্যবহার বর্তমান সময়ের অপরিহার্য চাহিদা। এ পরিপ্রেক্ষিতে কর্মক্ষেত্রে পরিবেশবান্ধব উদ্যোগ বাস্তবায়ন এবং স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করার উদ্দেশ্যে পাটপণ্য ব্যবহারের বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা প্রয়োজন। পাট আমাদের দেশের একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল এবং এর বহুমুখী ব্যবহার দেশের অর্থনীতি ও পরিবেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। বাংলাদেশে বর্তমানে দৃষ্টিনন্দন নানাবিধ পাটপণ্য প্রস্তুত হচ্ছে। তন্মধ্যে অফিস ও দৈনন্দিন জীবনে ব্যবহারযোগ্য বহুমুখী পাটপণ্যসমূহ হলো- অফিস কক্ষের পর্দা, অফিস ব্যাগ, শপিং ব্যাগ, সেমিনার ব্যাগ, স্কুল ব্যাগ, কলেজ ব্যাগ, সাইট ব্যাগ, মানি ব্যাগ, এক্সিকিউটিভ ব্যাগ, ফাইল, ফোল্ডার, পেন হোল্ডার, টিস্যু বক্স, বুক মার্কার, টোট ব্যাগ, কবি ব্যাগ, ক্যালেন্ডার, কোস্টার, নোট প্যাড, ডাইরি, চাবির রিং, ডাক ফাইল, শো-পিছ, পাটের ক্যানভাসে ছবি, ট্যাপেস্ট্রি, ব্যাকপ্যাক, কার্ড হোল্ডার, ভিজিটিং কার্ড, ইনভেলাপ ইত্যাদি।

৩। এমতাবস্থায়, সকল সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে স্ব স্ব নিয়ন্ত্রণাধীন দপ্তর ও সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/০৩/২০২৬

(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। কমিশনার (সকল বিভাগ)।
৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।